



ব্র্যাক ব্যাংকের হেড অব করপোরেট অ্যান্ড ইনস্টিটিউশনাল ব্যাংকিং তারেক রেফাত উল্লাহ খান এবং নর্থ সাউথ ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর আব্দুল হান্নান চৌধুরী নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। বিজ্ঞপ্তি



ব্র্যাক ব্যাংক ও নর্থ সাউথ ইউনিভার্সিটি চুক্তি সই

নর্থ সাউথ ইউনিভার্সিটিকে আধুনিক ক্যাশ ম্যানেজমেন্ট সল্যুশন সুবিধা দিতে শিক্ষাপ্রতিষ্ঠানটির সঙ্গে চুক্তি করেছে ব্র্যাক ব্যাংক। এর ফলে প্রতিষ্ঠানটির আর্থিক ব্যবস্থাপনা আরো সহজ হবে, যা বাংলাদেশের শিক্ষা খাতের আধুনিকায়নেও ভূমিকা রাখবে।

এ উদ্ভাবনী চুক্তির আওতায় ব্র্যাক ব্যাংক ইউনিভার্সাল কালেকশন প্ল্যাটফর্মের মাধ্যমে নর্থ সাউথ ইউনিভার্সিটির টিউশন ফি কালেকশন প্রক্রিয়া সহজ ও সুবিধাজনক করবে। ব্র্যাক ব্যাংকের বিস্তৃত ডিজিটাল নেটওয়ার্ক কাজে লাগিয়ে এটি বাস্তবায়ন করা হবে। এ অত্যাধুনিক সল্যুশনটির ফলে শিক্ষার্থী এবং অভিভাবকরা এখন অনায়াসেই ব্র্যাক ব্যাংকের ব্রাঞ্চে টিউশন ফি জমা দিতে পারবেন।

এ চুক্তির ফলে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজকর্মের ওপরও চাপ কমবে। প্রতিষ্ঠানটি লেনদেনের রিয়েল-টাইম আপডেট পাবে, যা তাদের আর্থিক লেনদেনে স্বচ্ছতা ও নির্ভুলতা বৃদ্ধির পাশাপাশি রিকনসিলিয়েশন সুবিধাও দিবে।

সম্প্রতি নর্থ সাউথ ইউনিভার্সিটিতে আয়োজিত এক অনুষ্ঠানে ব্র্যাক ব্যাংকের হেড অব করপোরেট অ্যান্ড ইনস্টিটিউশনাল ব্যাংকিং তারেক রেফাত উল্লাহ খান এবং নর্থ সাউথ ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর আব্দুল হান্নান চৌধুরী এ চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় আরো উপস্থিত ছিলেন ব্র্যাক ব্যাংকের হেড অব ট্রানজ্যাকশন ব্যাংকিং একেএম ফয়সাল হালিম, ট্রানজ্যাকশন ব্যাংকিংয়ের ইউনিট হেড মোহাম্মদ আরিফ চৌধুরী, হেড অব অ্যাপ্রিকেশন ডেভেলপমেন্ট অ্যান্ড এন্টারপ্রাইজ সিস্টেমস মুনতাসির রহমান এবং ট্রানজ্যাকশন ব্যাংকিংয়ের হেড অব প্রোডাক্ট জিয়া সাজিদ। উদ্যোগটি করপোরেট এবং ইনস্টিটিউশনাল ব্যাংকিং ল্যান্ডস্কেপ ট্রান্সফরমেশন-যাত্রায় গ্রাহকদের উদ্ভাবনী সেবা দেয়ার ব্যাপারে ব্র্যাক ব্যাংকের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে। বিজ্ঞপ্তি